



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরীর মৃত্যুতে উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ জুলাই ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সাবেক অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী (৮৩) চিকিৎসাধীন অবস্থায় শনিবার মৃত্যুবরণ করেছেন। ইন্না লিল্লাহি----- রাজিউন। মৃত্যুকালে তিনি পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, অগণিত শিক্ষক-শিক্ষার্থী ও গুণগ্রাহী রেখে গেছেন। মুনিবুর রহমান চৌধুরী ১৯৭১ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে শিক্ষকতা করেছেন। তিনি এই বিভাগের চেয়ারম্যানের পাশাপাশি পরিসংখ্যান বিভাগেরও চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন।

উপাচার্যের শোক

অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরীর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। আজ এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরীর মৃত্যুতে দেশ ও জাতি একজন খ্যাতিমান শিক্ষাবিদকে হারালো। গণিত শিক্ষার প্রসার ও গবেষণায় অসামান্য অবদানের জন্য অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য তাঁর শোক বার্তায় অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরীর আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

